ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৬৩৮

আগরতলা,৩০ আগস্ট,২০২৫

**জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড ও অন্যান্য জাতীয় স্বাস্থ্য কর্মসূচির মানোন্নয়নের উপর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত**

২৭ আগস্ট থেকে ২৯ আগস্ট পর্যন্ত, আগরতলাস্থিত জাতীয় স্বাস্থ্য মিশন অফিসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে তিন দিনব্যাপী জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড (NQAS) ও অন্যান্য জাতীয় স্বাস্থ্য কর্মসূচির মানোন্নয়নের উপর ৬ষ্ঠ রাজ্যস্তরীয় ইন্টারনেল এসেসর সহ স্ট্যান্ডার্ড বেইসড পিয়ার প্রশিক্ষণ কর্মশালা। এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড (NQAS) ও অন্যান্য জাতীয় স্বাস্থ্য কর্মসূচির মানোন্নয়নের জন্য সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মীদের দক্ষতা বৃদ্ধি করা। এই কর্মশালায় জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড (NQAS) এর আওতায় থাকা হাসপাতাল-ভিত্তিক পরিষেবা ও বিভিন্ন জাতীয় স্বাস্থ্য কর্মসূচির মানদণ্ডগুলি বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হয়। জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড ভারতের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক কর্তৃক নির্ধারিত একটি মানদণ্ড যা বিভিন্ন সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে প্রদত্ত স্বাস্থ্য পরিষেবার মান যাচাই ও উন্নয়নের জন্য ব্যবহৃত হয়। প্রশিক্ষণটি ছিল অত্যন্ত কার্যকরী, যেখানে অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণ প্রশংসাযোগ্য ছিল। এই তিনদিনব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন ধলাই, গোমতি, দক্ষিণ ত্রিপুরা জেলা, অমরপুর এবং বিলোনীয়া মহকুমা হাসপাতালের মেডিক্যাল সুপারিন্টেনডেন্ট, পশ্চিম ত্রিপুরা জেলার ডিসট্রিক্ট মেডিক্যাল অফিসার সহ বিভিন্ন জেলা হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অফিসার এবং নার্সিং অফিসারেরা। প্রশিক্ষণ পরিচালনায় ছিলেন রিজিওনাল রিসোর্স সেন্টার ফর নর্থ ইস্টার্ন স্তেতস (RRC-NE), গৌহাটি থেকে আগত রিসোর্স পার্সন - ডাঃ অজয় আরিয়া এবং ডাঃ মুন্নি দাস। তাঁদের সঙ্গে যুক্ত ছিলেন রাজ্যস্তরের তিনজন বিশেষজ্ঞ: ডাঃ শঙ্খ শুভ্র দেবনাথ, ডাঃ ইশিতা গুহ, ডাঃ অর্জুন সাহা প্রমুখ। প্রশিক্ষণের শেষ দিনে এক ঘণ্টার পোস্ট ট্রেনিং ইভালুয়েশন (পরবর্তী মূল্যায়ন) অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ কর্মশালা রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোর গুণগত মানোন্নয়ন এবং হাসপাতালভিত্তিক পরিষেবায় আরও স্বচ্ছতা ও কার্যকারিতা আনার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে বিবেচিত হচ্ছে। জাতীয় স্বাস্থ্য মিশন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****